

কৃষি বিশ্ববিদ্যালয়ের আজ ৫৪তম প্রতিষ্ঠাবার্ষিকী

■ বাকুবি সংবাদদাতা

দক্ষিণ-পূর্ব এশিয়ার কৃষি শিক্ষার সর্বোচ্চ বিদ্যাপীঠ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) ৫৪তম প্রতিষ্ঠা বার্ষিকী আজ। দেশে কৃষি উন্নয়নের গুরুদায়িত্ব বহনে সক্ষম তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞানসম্পন্ন দক্ষ কৃষিবিজ্ঞানী, কৃষিবিদ, কৃষি প্রযুক্তিবিদ ও কৃষি প্রকৌশলী তৈরি করার লক্ষ্যকে সামনে রেখে ১৯৬১ সালের আগস্টের এই দিনে দেশের সর্ববৃহৎ ও সর্বশ্রেষ্ঠ কৃষি শিক্ষার এ বিদ্যাপীঠের যাত্রা শুরু হয়। যুগোপযোগী ও আধুনিক মানের শিক্ষা পদ্ধতি এবং উচ্চতর ও লাগসই কৃষি-প্রযুক্তি গবেষণার কারণে বিশ্ববিদ্যালয়টি এখন 'দি সেন্টার অব এক্সিলেন্স' পরিণত হয়েছে। বর্তমানে এ বিশ্ববিদ্যালয়ে ৬টি অনুষদের আওতায় ৪৩টি বিভাগে শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে।